# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 29.07.2024** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতির মোকাবিলায় মুখ্যমন্ত্রী, ইন্দো - ভুটান নদী কমিশন গঠনের জোরালো দাবি জানিয়েছেন। এই দাবি নিয়ে দিল্লী যাবে বিধানসভার প্রতিনিধি দল।

বাংলা ভাগের চক্রান্ত হচ্ছে বলে ফের অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী।

২) অন্যদিকে বিরোধী দলনেতা বলেছেন, বিজেপি বাংলা ভাগের বিরুদ্ধে।

৩) নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রীর মাইক বন্ধ করে দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে সরকার ও বিরোধী পক্ষের বাদানুবাদে আজ বিধানসভা উত্তপ্ত হয়ে ওঠে।

বিজেপি সদস্যদের অনুপস্থিতিতে গৃহীত হয় তৃণমূল কংগ্রেসের আনা নিন্দা প্রস্তাব।

৪) টেট পাশ করার পরেও যাঁরা এখনো শংসাপত্র পাননি, তাঁদের অবিলম্বে তা দেওয়ার জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) আজ মোহনবাগান দিবস। এই উপলক্ষে প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলীকে মোহনবাগান রত্ন সম্মান দেওয়া হচ্ছে।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি মোকাবিলায় ইন্দো - ভুটান নদী কমিশন গঠনের জোরালো দাবি জানিয়েছেন। বিধানসভায় আজ এসংক্রান্ত প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, দিল্লীতে নীতি আয়োগের বৈঠকেও রাজ্যের এই দাবি তিনি নথিবদ্ধ করিয়ে এসেছেন। প্রস্তাবিত কমিশন, ভুটান পাহাড় থেকে সৃষ্ট নদীগুলির উপর নিরন্তর নজরদারি চালাবে এবং এরাজ্যের সরকারের সঙ্গে নিয়মিত তথ্যের আদান প্রদান করবে, যাতে মানুষকে সতর্ক করা যায়। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে উত্তরবঙ্গের মানুষকে বঞ্চনার অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী বলেন, নির্বাচনে অনেক আসন পেলেও সেখানকার মানুষের প্রতি, বিজেপি শাসিত কেন্দ্রীয় সরকারের বিন্দুমাত্র মমত্ব নেই। উল্টে বাংলা ভাগের চক্রান্ত করা হচ্ছে। বাজেটে প্রতিবেশী বিহার, আসামে বন্যা প্রতিরোধে অর্থ বরাদ্দ করা হলেও পশ্চিমবঙ্গকে এক পয়সাও দেওয়া হয়নি। ইন্দো - ভুটান নদী কমিশন গঠনের দাবিতে রাজ্য বিধানসভার প্রতিনিধি দল, দিল্লি পাঠানো হবে বলেও মুখ্যমন্ত্রী জানান। তৃণমূল কংগ্রেসের সংসদীয় দল বিষয়টি নিয়ে সরব হবে।

বাংলাদেশের সঙ্গে তিস্তার জলবন্টন চুক্তি রাজ্য সরকার কখনোই মানবে না বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন। তিনি বলেন, বর্তমান পরিস্থিতিতে তিস্তার জল বাংলাদেশকে দিলে উত্তরবঙ্গের মানুষের পানীয় জল নিয়ে সংকট তৈরি হবে। বাংলাদেশের মানুষের প্রতি তাঁদের সহানুভূতি থাকলেও রাজ্যের মানুষের স্বার্থের সঙ্গে কোনভাবেই আপস করা সম্ভব নয়।

অন্যদিকে, রাজ্যের সঙ্গে আলোচনা না করেই কেন্দ্রীয় সরকার, একতরফা ফারাক্কা চুক্তি পুনর্নবীকরণের চেষ্টা করছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তিনি বলেন, গঙ্গা পদ্মার ভাঙনের কারণে মালদা, মুর্শিদাবাদের ৩ হাজার ৭৭৩ হেক্টর কৃষি ও বাস্তু জমি

তলিয়ে গেছে। দীর্ঘদিন সংস্কার না হওয়ার কারণেই ফরাক্কা ব্যারেজ সংলগ্ন ১৬৩ দশমিক ৫ কিলোমিটার এলাকা ভাঙ্গনের কবলে পড়ছে বলে তাঁর দাবি।

----------------------

বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগদানের পরেও আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলালকে তাদের সদস্য হিসাবে বলার সময় দেওয়ায় অধ্যক্ষের বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ তুলে বিধানসভার দ্বিতীয়ার্ধেও বিজেপি অধিবেশন থেকে ওয়াকআউট করে। উত্তরবঙ্গে বন্যা সমস্যা নিরসনে ভুটানের সঙ্গে যৌথ নদী কমিশন গড়ার প্রস্তাব নিয়ে বিধানসভার দ্বিতীয় দফায় এই আলোচনা শুরু হয়। বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ আলোচনার শুরুতেই অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণ করে সুমন কাঞ্জিলালের নাম তাদের বক্তার তালিকা থেকে বাদ দেওয়ার দাবি জানাতে থাকেন। অধ্যক্ষ সেই দাবি না মানায় সদস্যরা স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন। তারপর তারা বিধানসভার প্রবেশপথের বাইরে বিক্ষোভে সামিল হন। বিধায়ক অগ্নিমিত্রা পাল জানান, বিজেপি মুখ্য সচেতক বক্তাদের যে তালিকা পাঠিয়েছেন, তার বাইরে অধ্যক্ষ সুমন কাঞ্জিলালকে বিজেপি বিধায়ক হিসাবে উল্লেখ করে তালিকায় অন্তর্ভুক্ত করেন। অধ্যক্ষের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ করে অগ্নিমিত্রা বলেন, এই দ্বিচারিতা বন্ধ না হলে বিজেপি পরিষদীয় দল গোটা অধিবেশন বয়কট করবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পরে সাংবাদিকদের বলেন, এই ঘটনা লজ্জাজনক। প্রশ্নোত্তর ও উল্লেখ পর্বের মতো বিষয়গুলি অধ্যক্ষের এক্তিয়ারভুক্ত হলেও অধিবেশনে বিরোধী পক্ষে কারা বলবেন, সেটা শাসকদল বা অধ্যক্ষ স্থির করতে পারেন না।

বাইট (শুভেন্দু/সুমন)

অন্যদিকে, অধ্যক্ষ জানিয়েছেন, ২৬ তারিখ বিধানসভার বুলেটিনে এই আলোচনার অন্যতম প্রস্তাবক হিসাবে সুমন কাঞ্জিলালের নাম ছিল। কাজেই আজ এই নিয়ে প্রতিবাদ অর্থহীন।

----------------------

বিজেপি বাংলা ভাগের বিরুদ্ধে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি স্পষ্ট জানিয়েছেন। অনুপ্রবেশ রুখতে রাজ্যের একাংশকে নিয়ে কেন্দ্রশাসিত অঞ্চল ঘোষণার যে দাবি দলের বিধায়করা জানিয়েছেন, সে প্রসঙ্গে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বলেন, এব্যাপারে বিজেপির অবস্থান স্পষ্ট।

বাইট (শুভেন্দু বাংলা ভাগ)

---------------------

নতুন দিল্লিতে শনিবার নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মাইক বন্ধ করে দেবার অভিযোগ নিয়ে শাসক ও বিরোধী পক্ষের চাপান-উতোরে আজ বিধানসভার পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি সদস্যদের কক্ষ ত্যাগের মধ্যেই গৃহীত হয় শাসকদলের আনা নিন্দা প্রস্তাব। সভায় এর তীব্র বিরোধিতা করে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, মুখ্যমন্ত্রীর মাইক বন্ধ করে দেবার অভিযোগ ঠিক নয়। প্রস্তাবের ওপর তৃণমূল কংগ্রেস সদস্যদের বক্তব্য চলাকালীনই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ তুলে বিজেপি সদস্যরা স্লোগান দিতে দিতে সভা থেকে ওয়াক-আউট করেন। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী আবারও সভায় জানান, ঐ দিনের বৈঠকে চন্দ্রবাবু নাইডু এবং বিজেপির মুখ্যমন্ত্রীদের ২০-২৫ মিনিট বলার সুযোগ দেওয়া

হলেও তাঁর মাইক মাত্র ৫ মিনিট বলার পরই বন্ধ করে দেওয়া হয়। শনিবার মাঝপথে বৈঠক ছেড়ে বেরিয়ে এসে সাংবাদিকদের কাছে একই অভিযোগ করেছিলেন তিনি। যদিও কেন্দ্রের তরফে সেই অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

এর আগে, নিন্দা প্রস্তাব উত্থাপন করে মন্ত্রী মানস ভুঁইঞা বলেন, নীতি আয়োগের বৈঠকে যে অগণতান্ত্রিক আচরণ করা হয়েছে, গোটা দেশ তার সাক্ষী।

বিজেপির সমালোচনার জবাবে অধ্যক্ষ বিমান বন্দ্যপাধ্যায় বলেন, বিধানসভা পরিচলানার নিয়ম অনুযায়ী তিনি আলোচনায় সম্মতি দিয়েছেন। বিধানসভায় গৃহীত এই প্রস্তাবটি কেন্দ্রের কাছে পাঠানো হবে।

---------------------

টেট পাশ করার পরেও যাঁরা এখনো শংসাপত্র পাননি তাঁদের অবিলম্বে তা দেওয়ার জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০১৪ সালের টেটে পাস করার পরেও শংসাপত্র না পাওয়ার অভিযোগে হাইকোর্টে মামলা করেছিলেন কয়েকজন চাকরিপ্রার্থী। আজ বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন, আগামী ১৩ অগস্টের মধ্যে মামলাকারীদের শংসাপত্র দিতে হবে প্রাথমিক শিক্ষা পর্ষদকে। এ ব্যাপারে আগেই প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছিল, সিবিআই তদন্ত চলছে। ফলে তাদের কাছে কোন শংসাপত্র নেই। সিবিআই নথি বাজেয়াপ্ত করেছে। সিবিআই এই দাবি খারিজ করে দিয়েছিল। বিচারপতি আজ নির্দেশ দিয়েছেন, ২০১৪ সালের টেটের ১ লক্ষ ২৬ হাজার উত্তীর্ণ প্রার্থীকে শংসাপত্র পর্ষদকে আবার দিতে হবে।

---------------------

উপাচার্যের পদত্যাগের দাবিতে, ছাত্র বিক্ষোভের জেরে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আজ ফের উত্তপ্ত হয়ে ওঠে। উপাচার্যের কার্যালয়ের আলো পাখা বন্ধ করে দিয়ে বিক্ষোভ দেখানো হয় বলে অভিযোগ। উপাচার্য দেবাশিস বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এই বিক্ষোভের জেরে এদিন কোনো কাজই করতে পারেন নি তিনি। তাঁকে জোর করে বের করে দেওয়া হয় বলেও তাঁর অভিযোগ। বেরনোর সময় তাঁর উদ্দেশে গো ব্যাক স্লোগান দেওয়া হয়।

তৃণমূল ছাত্র পরিষদের জেলা সভাপতি অভিনব মুখোপাধ্যায়ের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ের তহবিল থেকে ৫০ লক্ষ টাকা মামলা মোকদ্দমায় খরচ হয়েছে। অবিলম্বে সেই টাকা ফেরত দিতে হবে। গত ১৮ দিন ধরে এই দাবিতেই তারা আন্দোলন চালিয়ে যাচ্ছেন।  উপাচার্যকে জোর কের বের করে দেওয়ার অভিযোগ অস্বীকার করেন তিনি।

---------------------

পরিচালক-কলাকুশলী সংঘাতের জেরে টালিগঞ্জ স্টুডিও পাড়ায় অচলাবস্থা এখনও কাটেনি। বন্ধ রয়েছে সিনেমা, সিরিয়াল, ওটিটি প্ল্যাটফর্মের সমস্ত শ্যুটিং।  অভিনেতা প্রযোজক প্রসেনজিত্ চট্টোপাধ্যায়ের বাড়িতে গৌতম ঘোষ, রাজ চক্রবর্তী, ইন্দ্রনীল মুখোপাদ্যায় সহ পরিচালকরা আজ দুপরে বৈঠকে বসেন। পরে সাংবাদিকদের গৌতম ঘোষ বলেন, যে অচলাবস্থা চলছে, তাঁরা তার অবসান চান। তবে পরিচালকদের প্রাপ্য সম্মান দিতেই হবে। পুরনো নিয়মকানুন না বদলালে স্টুডিওর কাজ বাড়বেনা।

অন্যদিকে, টেকনিশিয়ানদের ফেডারেশন, পরিচালক রাহুল মুখোপাধ্যায়কে বয়কটের সিদ্ধান্তে এখনও অনড়। ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাসের দাবি, তারা কাউকে শ্যুটিং-এ বাধা দেননি। পুরোটাই পূর্ব পরিকল্পিত।

উল্লেখ্য, ফেডারেশনকে না জানিয়ে রাহুল মুখোপাধ্যায়ের বাংলাদেশে গিয়ে ওটিটি প্ল্যাটফর্মের জন্য কাজ করাকে কেন্দ্র করেই অচলাবস্থার সূচনা। প্রযোজক, অভিনেতা-অভিনেত্রীরাও পরিচালকদের পাশে দাঁড়িয়েছেন। দুপক্ষ পরস্পরের কাছে গ্রহণযোগ্য কোনো সমাধানে পৌঁছতে পারে কিনা, সেটাই দেখার।

----------------------

হাওড়া আমতা শাখায় আজ বিকেলে ওভার হেড তারে গাছের ডাল ভেঙে পড়লে ট্রেন চলাচল বিঘ্নিত হয়। দুর্ভোগে পড়েন অসংখ্য অফিস ফেরত যাত্রী। আপ লাইনে ওভারের তার মেরামতির কাজ শুরু করেন রেলের ইঞ্জিনিয়াররা। শেষ খবর পাওয়া পর্যন্ত এই শাখায় ট্রেন চলাচাল বন্ধ রয়েছে।

----------------------

বিএসএনএল কলকাতার সঙ্গে ১১ লক্ষ টাকার বেশি অঙ্কের প্রতারণা মামলায় বিশেষ সিবিআই আদালত, প্রাক্তন কর্মী চন্দন দাসকে সাত বছরের সশ্রম কারাদণ্ড ও ২৫ হাজার টাকা জরিমানার আদেশ দিয়েছে। ২০০৩ এর এই মামলায় চার্জশিট দাখিল হয় ২০০5 এর ৩১ শে জানুয়ারি। চন্দন তখন ছিলেন টেলিকম অফিস অ্যাসিস্ট্যান্ট ও ক্যাশিয়ার।

----------------------

আজ মোহনবাগান দিবস। এই উপলক্ষে মোহনবাগান ক্লাবে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে মোহনবাগান রত্ন

সম্মান প্রদান করা হয়। ক্লাব সচিব দেবাশিষ দত্ত সৌরভের হাতে এই সম্মান তুলে দেন।

--------------------------------------------